# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ সাজসজ্জা ও প্রসাধন

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

শোনা যায়, ‘মোছের পানি হারাম।’ – একথা কি ঠিক?

যে পানিতে মোছ ডুবেছে, সে পানি প্রকৃতিগতভাবে ঘৃণ্য হতে পারে। তবে সে পানি পান করা হারাম, তা বলা যায় না। অবশ্য মোছ ছেঁটে ছোট করার নির্দেশ আছে শরীয়তে। আল্লাহ্‌র রাসুল ﷺ বলেছেন, “তোমরা দাড়ি বাড়াও, মোছ ছোট কর, পাকা চুলে (কালো ছাড়া অন্য) খেযাব লাগাও এবং ইয়াহুদ ও নাসারার সাদৃশ্য অবলম্বন করো না।” (আহমাদ, সহীহুল জামে ১০৬৭ নং)

তিনি আরও বলেছেন, “যে ব্যক্তি তাঁর মোছ ছাঁটে না, সে আমার দলভুক্ত নয়।”৬৯৬ (তিরমিযী ২৭৬২, সহীহুল জামে ৬৫৩৩ নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=1468

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন